



## হজ পালনে সন্ত্রীক সৌদি আরব গেলেন সেনাপ্রধান



সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। ছবি: সংগৃহীত

সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান সন্ত্রীক পবিত্র হজ পালনের উদ্দেশ্যে সৌদি আরব গেছেন। সৌদি সরকারের আমন্ত্রণে তিনি রাজকীয় অতিথি হিসেবে এ সফরে রয়েছেন।

শুক্রবার (২২ মে) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক বিজ্ঞপ্তিতে বিষয়টি জানায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সফরকালে তিনি মক্কা ও মদিনায় হজের আনুষ্ঠানিকতা সম্পন্ন করবেন। হজ শেষ করে আগামী ১ জুন তার দেশে ফেরার কথা রয়েছে।

LENS ASIA